

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
খোকসা, কুষ্টিয়া।
dls.khoksa.kushtia.gob.bd

তারিখঃ ২৬/১০/২০২৫ খ্রি.।

স্মারক নম্বর: ৩৩.০১.৫০৬৩.০০০.১৬.০০৬.২৫/১১৫৮

ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি।

সূত্র: প্রকল্প পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর মহোদয়ের স্মারক নং ৩৩.০১.০০০০.৮৪৩.০৪.০০১.২৫-৫৪, তারিখ ১৪/১০/২৫ খ্রি.
উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে খোকসা উপজেলার সকল নাগরিকের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশুদ্ধ "ব্ল্যাক বেঙ্গল" ছাগলের
জাত সংরক্ষণ ও সম্প্রসারণ প্রকল্পের আওতায় প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য অত্র উপজেলার জন্য ০১(এক) জন ছাগল উন্নয়ন ও
সম্প্রসারণ কর্মী নির্বাচন করা হবে।

ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী নির্বাচনের শর্তঃ-

১। কুষ্টিয়া জেলার খোকসা উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। বয়স ২৫-৪৫ বৎসর (২৬/১০/২০২৫ খ্রি. তারিখে)।

৩। শিক্ষাগত যোগ্যতাঃ বিজ্ঞান বিভাগে ন্যূনতম এসএসসি/সমমান পাশ। (এইচ.এস.সি/কর্মমুখী শিক্ষায় সনদ প্রাপ্ত এবং পূর্বে
প্রাণিসম্পদের কোনো প্রকল্পে অথবা এনজিও কর্তৃক কোনো কৃষি সংশ্লিষ্ট প্রকল্পে কর্মরত ছিলেন এমন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

৪। এল্ডয়েড মোবাইল ফোন থাকতে হবে এবং কম্পিউটার টাইপিং দক্ষতা থাকতে হবে।

৫। ডাটা ইনপুট(প্রকল্প ভিত্তিক সফটওয়্যার) দেওয়ার যোগ্যতা থাকতে হবে।

৬। অগ্রাহী প্রার্থীদেরকে জেলা প্রাণিসম্পদ অফিসার, কুষ্টিয়া ও সভাপতি, ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী নির্বাচন কমিটি বরাবর স্বহস্তে
লিখিত আবেদন (পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ) আগামী ০৫/১১/২০২৫ খ্রি. বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অফিস
চলাকালীন সময়ে জমা দিতে হবে।

৭। আবেদন পত্রের সাথে সকল সনদের সত্যায়িত কপি, অভিজ্ঞতার সনদের কপি, ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় নাগরিক
সনদ, চারিত্রিক সনদ এবং এনআইডি কার্ডের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৮। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী চূড়ান্তভাবে নির্বাচন করা হবে। বৈধ প্রার্থীদের প্রবেশপত্র আগামী
০৬/১১/২০২৫ খ্রি. তারিখ বিকাল ২:০০-৫:০০ টার মধ্যে দেওয়া হবে।

৯। পরীক্ষার স্থান, তারিখ ও সময় প্রবেশ পত্র দেওয়ার সময় জানানো হবে।

১০। প্রার্থীর আবেদনপত্র ও সনদে ত্রুটি পরিলক্ষিত হলে আবেদন পত্র সরাসরি বাতিল গণ্য হবে।

১১। প্রার্থী নির্বাচন সংক্রান্ত যে কোন পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন কমিটি কর্তৃক সংরক্ষিত থাকবে।

Subhad
26.10.25

ডাঃ মোঃ সোহেল রানা
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
খোকসা, কুষ্টিয়া।

স্মারক নং- ৩৩.০১.৫০৬৩.০০০.১৬.০০৬.২৫/১১৫৮ তারিখঃ ২৬/১০/২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১। প্রকল্প পরিচালক, বিশুদ্ধ "ব্ল্যাক বেঙ্গল" ছাগলের জাত সংরক্ষণ ও সম্প্রসারণ প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা-১২১৫।

২। জেলা প্রাণিসম্পদ অফিসার, কুষ্টিয়া ও সভাপতি, ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী নির্বাচন কমিটি, খোকসা, কুষ্টিয়া।

৩। উপজেলা নির্বাহী অফিসার, খোকসা, কুষ্টিয়া।

৪। উপজেলা কৃষি অফিসার, খোকসা, কুষ্টিয়া ও সদস্য, ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী নির্বাচন কমিটি, খোকসা, কুষ্টিয়া।

৫। নোটিশ বোর্ড ও ওয়েব পোর্টালে প্রচারের জন্য

৬। অফিস কপি।

Subhad
26.10.25

উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ও সদস্য সচিব

ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী নির্বাচন কমিটি, খোকসা, কুষ্টিয়া।